

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
১৬, আবুল গণি রোড, ঢাকা।
E-mail: dsdn@dgfood.gov.bd
Web: www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫২.৫৭.০২৫.১৪-৩৬৩(৮)

তারিখ : ০৬/০৮/২০১৫ খ্রি:

বিষয় : ওএমএস কার্যক্রমে আটা বিক্রি।

সূত্র : খাদ্য মন্ত্রণালয়ের ০৫/০৮/২০১৫ তারিখের ১৩২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে ওএমএস কার্যক্রমের আওতায় আটা বিক্রির জন্য সূত্রস্থ স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

- এক্ষণে, মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে নিম্নোক্তভাবে কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল :-
- ১। ঢাকা মহানগর, তেজগাঁও সার্কেল (কেরাণীগঞ্জসহ), চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, রংপুর, সিলেট ও বরিশাল বিভাগীয় শহরে যথাক্রমে ১২০, ৩০, ৩০, ৪০, ৩০, ২০ ও ১৪ টি ট্রাক/দোকান ডিলারের মাধ্যমে ডিলার প্রতি দৈনিক সর্বোচ্চ ১ (এক) মেঘ টন করে আটা বিক্রি করা যাবে;
- ২। ৪টি শ্রমঘন ঢাকা (সাভার, আশুলিয়া ও ধামরাইসহ), নারায়ণগঞ্জ (রূপগঞ্জসহ), গাজীপুর (গাজীপুর ও টংগী এবং কালিয়াকৈর) ও নরসিংদী জেলায় যথাক্রমে ২৪, ২৫, ৩০ ও ১৫ টি ট্রাক/দোকান ডিলারের মাধ্যমে ডিলার প্রতি দৈনিক সর্বোচ্চ ১ (এক) মেঘ টন করে আটা বিক্রি করা যাবে;
- ৩। কুমিল্লা সিটি কর্পোরেশনে ২০ টি ট্রাক/দোকান ডিলারের মাধ্যমে ডিলার প্রতি দৈনিক সর্বোচ্চ ১ (এক) মেঘ টন করে আটা বিক্রি করা যাবে;
- ৪। বি-বাড়ীয় জেলায় ২০ টি ট্রাক/দোকান ডিলারের মাধ্যমে ডিলার প্রতি দৈনিক সর্বোচ্চ ১ (এক) মেঘ টন করে আটা বিক্রি করা যাবে;
- ৫। বিভাগীয় শহর, শ্রমঘন জেলা (ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও নরসিংদী), কুমিল্লা সিটি কর্পোরেশন এবং বি-বাড়ীয় জেলা ব্যতিত বাকী ৫২টি জেলা সদরের ৯ ওয়ার্ড বিশিষ্ট পৌরসভায় ৯ টি ট্রাক/দোকান এবং ৯ ওয়ার্ড এর উর্বরে পৌরসভায় ১২টি ট্রাক/দোকান ডিলারের মাধ্যমে ডিলার প্রতি দৈনিক সর্বোচ্চ ১ (এক) মেঘ টন করে আটা বিক্রি করা যাবে;
- ৬। বিভাগীয় শহর ও জেলা শহরে প্রয়োজনীয় সংখ্যক টিম গঠন করে ওএমএস কার্যক্রম পরিচালনা ও নিরিভুলভাবে মনিটরিং করার বিষয়ে মন্ত্রণালয় হতে সুপ্রস্তু নির্দেশনা থাকায়, বিভাগীয় শহরের জন্য বিভাগীয় কমিশনার ও জেলা শহরের জন্য জেলা প্রশাসকের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় সংখ্যক টিম গঠন করে খাদ্য অধিদপ্তরকে অবহিত করতে হবে এবং টিম কর্তৃক ওএমএস কার্যক্রম নিরিভুলভাবে মনিটরিং করতে হবে;
- ৭। শনিবার ব্যতিত সপ্তাহে ০৬ (ছয়) দিন ওএমএস কার্যক্রম চলবে;
- ৮। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে;
- ৯। মিলের মাধ্যমে গম পেষাই ও ফলিত আটা বিক্রয়ে চলমান নীতিমালা ও অন্যান্য নির্দেশ অনুসরণ করতে হবে।
- উল্লেখ্য, ওএমএস খাতে চাল বিক্রির ইতোপূর্বেকার আদেশ যথারীতি বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-

(মোঃ বদরুল হাসান)

পরিচালক

সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ

খাদ্য অধিদপ্তর, ঢাকা।

ফোন : ৯৫৫৩৮৭৮।

প্রাপক,


- ১। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
২-৮। আঘাতিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/সিলেট/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/রংপুর।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫২.৫৭.০২৫.১৪-৩৬৩/৮(১১)

তারিখ : ০৬/০৮/২০১৫ খ্রি:

অনুলিপি : সদয় অবগতির জন্য।


- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২-৮। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/সিলেট/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/রংপুর।
৯। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। স্মারকটি ফ্যাক্সযোগে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।


(মোঃ কাউসার আহাম্মদ)

উপ-পরিচালক

সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ

খাদ্য অধিদপ্তর, ঢাকা।


১৮